লাউদোহায় জমি বিবাদের বলি বিজেপির যুব নেতা

নিজস্ব প্রতিবেদন, লাউদোহা: পুরনো জমি বিবাদকে কেন্দ্র করে রক্তাক্ত সংঘর্ষ। লোহার রড ও বাঁশ দিয়ে বেধড়ক মারধরের জেরে মৃত্যু হল ৩৫ বছর বয়সি এক বিজেপি কর্মীর। মৃতের নাম শ্যাম কুমার দাস। তিনি পাণ্ডবেশ্বর বিধানসভার ৪ নম্বর মণ্ডলের যুব মোর্চার সাধারণ সম্পাদক ছিলেন। এই ঘটনাকে কেন্দ্র করে ব্যাপক চাঞ্চল্য ছড়িয়েছে দুর্গাপুরের লাউদোহা থানার অন্তর্গত জব্বরপল্লি এলাকায়।



মৃতের বাবা পরিমল দাসের অভিযোগ, অজয় নন্দী ও বিজয় নন্দীর সঙ্গে শ্যাম দাসের দীর্ঘদিনের জমি সংক্রান্ত বিবাদ ছিল। সেই পুরনো বিবাদ থেকেই ঘটনার সূত্রপাত। প্রথমে দু'পক্ষের মধ্যে বচসা শুরু হয়। এরপর পরিস্থিতি উত্তপ্ত হয়ে উঠলে ধারালো অস্ত্র, লোহার রড ও বাঁশ নিয়ে শ্যামের উপর চড়াও হয় বলে অভিযোগ। তাঁকে বেধড়ক মারধর করা হয়। গুরুতর জখম অবস্থায় তাঁকে উদ্ধার করে দুর্গাপুর ইস্পাত হাসপাতালে নিয়ে যাওয়া হলে চিকিৎসকরা মৃত বলে ঘোষণা করেন। ঘটনার পিছনে রাজনৈতিক যোগের অভিযোগও সামনে এসেছে। পরিবারের দাবি, অভিযুক্তরা তৃণমূল কংগ্রেসের কর্মী। ঘটনা প্রসঙ্গে মন্ডল ৩-এর মন্ডল সভাপতি তারকনাথ ধীবর প্রশ্ন তোলেন, 'এলাকার জমি মাফিয়া একদা তৃণমূল কংগ্রেসের সক্রিয় কর্মী বাপি সরকার খুনের রাতে ওই এলাকায় কি করছিল?' তিনি বলেন, 'শ্যাম দাস যখন খুন হয় সেই সময় বাপি সরকার অভিযুক্তদের সঙ্গে এক জায়গায় ছিলেন।' ঘটনায় অভিযুক্ত তাকে ফাঁসানো হয়েছে বলে দাবি করেন। ইতিমধ্যেই লাউদোহার ফরিদপুর থানায় লিখিত অভিযোগ দায়ের হয়েছে। পুলিশ ঘটনাস্থল থেকে একটি লোহার রড উদ্ধার করেছে। পুলিশ সূত্রে খবর, অভিযুক্ত প্রসূন পান্ডে ও বিজয় নন্দীকে আটক করা হয়েছে। অন্যদিকে, অপর অভিযুক্ত অজয় নন্দী এখনও পলাতক। তাঁর খোঁজে তল্লাশি চালানো হচ্ছে। পুরনো জমি বিবাদ, তার জেরে প্রাণঘাতী হামলা এবং ঘটনার সঙ্গে রাজনৈতিক যোগের অভিযোগ সব মিলিয়ে জব্বরপল্লি এলাকায় ছড়িয়েছে তীব্র উত্তেজনা। ঘটনার প্রকৃত কারণ এবং হামলার নেপথ্যে কারা জড়িত, তা খতিয়ে দেখছে পুলিশ।

শ্যাম দাসের পরিবারকে ১০ লক্ষ টাকা আর্থিক সাহায্যের ঘোষণা মুখ্যমন্ত্রীর

নিজস্ব প্রতিবেদন, দুর্গাপুর: জমি বিবাদকে কেন্দ্র করে খুন হওয়া বিজেপি নেতা শ্যাম দাসের পরিবারের পাশে দাঁড়ানোর ঘোষণা করলেন মুখ্যমন্ত্রী। তাঁর পরিবারের জন্য ১০ লক্ষ টাকা আর্থিক অনুদানের পাশাপাশি, শ্যাম দাসের স্ত্রী যদি কাজ করতে চান, তাহলে রাজ্য সরকারের তরফে তাঁকে একটি চুক্তিভিত্তিক চাকরির ব্যবস্থা করে দেওয়া হবে বলেও আশ্বাস দেওয়া হয়েছে। বৃহস্পতিবার অন্ডাল বিমানবন্দরে সাংবাদিকদের মুখোমুখি হয়ে এমনটাই জানান মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী। এদিন বিমানবন্দরে উপস্থিত ছিলেন পাণ্ডবেশ্বরের বিধায়ক জিতেন্দ্র তেওয়ারি,দুর্গাপুর পূর্বের বিধায়ক চন্দ্রশেখর বন্দ্যোপাধ্যায় এবং দুর্গাপুর পশ্চিমের বিধায়ক লক্ষ্মণ চন্দ্র ঘোড়ুই। উল্লেখ্য, জমি সংক্রান্ত পুরনো বিবাদের জেরে লোহার রড ও বাঁশ দিয়ে মারধরের অভিযোগে মৃত্যু হয় বিজেপি নেতা শ্যাম দাসের। এই ঘটনায় ইতিমধ্যেই দু'জনকে গ্রেপ্তার করেছে পুলিশ। এবার তাঁর পরিবারের আর্থিক সহায়তা ও স্ত্রীর কর্মসংস্থানের আশ্বাস দিল রাজ্য সরকার।



ইটভাটায় মহিলা নিরাপত্তায় প্রশ্ন

মহিলাকে গণধর্ষণের অভিযোগে ধৃত দুই

নিজস্ব প্রতিবেদন, কাঁকসা: এক মহিলাকে একা পেয়ে তাকে গণধর্ষণের অভিযোগ উঠলো এলাকার দুই ব্যক্তির বিরুদ্ধে। ঘটনাটি ঘটেছে বুধবার কাঁকসার বিহারপুরে একটি ইটভাটায়। বুধবার রাতে কাঁকসা থানায় নির্যাতিতা মহিলা অভিযোগ জানালে। অভিযোগের ভিত্তিতে তদন্তে নেমে কাঁকসা থানার পুলিশ রাতে দুই জনকে



গ্রেপ্তার করে বৃহস্পতিবার মহকুমা আদালতে পেশ করে। পুলিশ সূত্রে জানা গিয়েছে, ওই মহিলা ও তাঁর স্বামী ওই ইট ভাটায় কাজ করেন। কাজের সূত্রে সেখানেই একটি ঘরে থাকতেন। তাঁর স্বামী ভাইফোঁটা নিতে গ্রামের বাড়িতে গিয়েছিলেন। সেই কারনে মহিলা একাই ঘরে ছিলেন। অভিযোগ, সেই সুযোগে দুইজন ঘরে ঢুকে তাঁকে ধর্ষণ করে। মহিলার চিৎকার শুনে আশেপাশের মানুষ ছুটে গেলে ওই দুইজন পালিয়ে যায়। এরপরেই নির্যাতিতা মহিলা স্থানীয়দের সহযোগিতায় কাঁকসা থানায় পৌঁছে অভিযোগ জানান। অভিযোগের ভিত্তিতে দুই জনকে গ্রেপ্তার করা হয়েছে। গোটা ঘটনার তদন্তে নেমেছে পুলিশ।

ধান কেনার স্বচ্ছতায় জোর

আরামবাগের ছ'টি ব্লকে খুলছে সরকারি ক্রয়কেন্দ্র



নিজস্ব প্রতিবেদন, আরামবাগ: রাজ্যজুড়ে আগামী ১ ডিসেম্বর থেকে সরকারি সহায়ক মূল্যে ধান কেনার প্রক্রিয়া শুরু হতে চলেছে। সেই লক্ষ্যে আরামবাগ মহকুমার ছ'টি ব্লকে ছ'টি ধান ক্রয় কেন্দ্র বা সিপিসি খোলার প্রস্তুতি শুরু করেছে খাদ্য ও সরবরাহ দপ্তর। ইতিমধ্যেই কেন্দ্রগুলির পরিকাঠামো তৈরির কাজ চলছে। এবার প্রতি কুইন্টাল ধানের সহায়ক মূল্য নির্ধারণ করা হয়েছে ২ হাজার ৩২০ টাকা। এর পাশাপাশি চাষিদের উৎসাহিত করতে কুইন্টাল প্রতি আরও ২০০ টাকা উৎসাহ ভাতা দেওয়ার কথা জানানো হয়েছে। ধান কেনার প্রক্রিয়া যাতে সুষ্ঠুভাবে সম্পন্ন করা যায়, তার জন্য আগেভাগেই প্রয়োজনীয় প্রস্তুতি নিচ্ছে প্রশাসন। সিপিসিগুলিতে ধান কেনার উপযুক্ত পরিকাঠামো রয়েছে কি না, তা খতিয়ে দেখা হচ্ছে। চাষিদের যাতে সরকারি সহায়ক মূল্যে ধান বিক্রি করতে গিয়ে কোনও সমস্যায় পড়তে না হয়, সেদিকেও নজর দেওয়া হচ্ছে। এই বিষয়ে হুগলি জেলা খাদ্য দপ্তর সূত্রে জানা যাচ্ছে, আগামী ১ ডিসেম্বর থেকেই ধান কেনার কাজ শুরু হবে। এবার ধান বিক্রির ক্ষেত্রে বায়োমেট্রিক পদ্ধতি চালু থাকবে। চাষিদের সরাসরি সিপিসিতে এসে ধান বিক্রি করতে হবে। তার আগে রেজিস্ট্রেশন করতে হবে এবং ধান বিক্রির নির্দিষ্ট সময়ের জন্য স্লট বুকিং করতে হবে। ধান বিক্রির ১৫ দিন আগে থেকেই স্লট বুকিংয়ের ব্যবস্থা থাকবে। বর্তমানে সিপিসিগুলির পরিকাঠামো খতিয়ে দেখার কাজ চলছে। পুরশুড়ার বিধায়ক বিমান ঘোষ জানান, অবিগত দিনে সহায়ক মূল্যে ধান কেনা নিয়ে নানা অনিয়মের অভিযোগ উঠেছিল। এবার স্বচ্ছতার সঙ্গে ধান কেনার প্রক্রিয়া সম্পন্ন হবে। ধানের ন্যূনতম সহায়ক মূল্যও বৃদ্ধি করা হয়েছে। ফলে কৃষকরা উপকৃত হবেন। সবমিলিয়ে এখন দেখার, সরকারি এই উদ্যোগের মাধ্যমে প্রকৃত কৃষকরা কতটা সহজে সহায়ক মূল্যে ধান বিক্রির সুযোগ পান এবং ধান কেনার প্রক্রিয়ায় স্বচ্ছতা কতটা বজায় থাকে।

উত্তরবঙ্গের স্কুলগুলিতে আধুনিক প্রযুক্তির শিক্ষার উপর জোর বাহিনীর

সোমা মুখোপাধ্যায়

উত্তরবঙ্গের প্রত্যন্ত গ্রামগুলোতে ভারতীয় সেনাবাহিনীর ত্রিশক্তি কোর পরিচালিত শিক্ষা ও সামাজিক উন্নয়নমূলক উদ্যোগে ছাত্র ছাত্রীদের মধ্যে উৎসাহ পরিলক্ষিত হল। সীমান্ত এলাকার প্রায় ৬টি স্কুলে ভারতীয় সেনাবাহিনী বিশেষ উদ্যোগ নিয়েছে। বিদ্যালয়ের ভবন সংস্কার এবং আধুনিক গ্রন্থাগার তৈরির মাধ্যমে শিক্ষার্থীদের পড়াশোনার জন্য একটি উন্নত ও অনুকূল পরিবেশ গড়ে তোলা হচ্ছে। আধুনিক প্রযুক্তি ও সৃজনশীলতার ক্ষেত্রে 'ড্রোন ফটোগ্রাফি ক্লাব'-এর মতো অভিনব পদক্ষেপের মাধ্যমে শিক্ষার্থীরা আধুনিক প্রযুক্তির ব্যবহার শিখছে, যা তাদের সৃজনশীলতা এবং ব্যবহারিক দক্ষতা বাড়াতে সাহায্য করছে।



বিশুদ্ধ পানীয় জলের ব্যবস্থায় শিক্ষার্থীদের সুস্বাস্থ্যের কথা মাথায় রেখে বিদ্যালয়গুলোতে আর.ও জল শোধন প্ল্যান্ট স্থাপন করা হয়েছে। সামগ্রিক লক্ষ্য পূরণে সীমান্তবর্তী ও দুর্গম এলাকার তরুণ প্রজন্মের জন্য নতুন সুযোগ তৈরি করা এবং স্থানীয় জনপদের সার্বিক উন্নয়নে ভারতীয় সেনাবাহিনীর অঙ্গীকার বাস্তবায়ন করার জন্য ছাত্র ছাত্রীদের মধ্যে উৎসাহ প্রদান করা হচ্ছে। ছাত্র-ছাত্রীদের মধ্যে সেনাবাহিনীতে যোগদানের প্রতি আগ্রহ ও উৎসাহ তৈরি করতে হলে তাদের সামনে দেশপ্রেম, সম্মানজনক ক্যারিয়ার এবং রোমাঞ্চকর জীবনের চিত্র তুলে ধরতে হবে বলে মনে করেন সেনাবাহিনীর কর্তৃপক্ষ। বিদ্যালয়ের বিভিন্ন সাংস্কৃতিক অনুষ্ঠান, বিতর্ক প্রতিযোগিতা এবং স্কাউটিংয়ের মাধ্যমে তাদের মধ্যে নেতৃত্বগুণ এবং দলগতভাবে কাজ করার মানসিকতা তৈরি করে তারা। সেনাবাহিনীর জীবন ও অভিযানের ওপর নির্মিত অনুপ্রেরণামূলক সিনেমা এবং ডকুমেন্টারি দেখার পরামর্শ দেন। সেনাবাহিনীতে যোগদানের জন্য শারীরিক সক্ষমতা অত্যন্ত জরুরি। শিক্ষার্থীদের নিয়মিত দৌড়ানো, সাঁতার কাটা এবং অন্যান্য খেলাধুলায় অংশ নিতে উৎসাহ দেন।

ডাইনামিক আর্কেস্ট্রাকচারস লিমিটেড
সিআইএন: L45201WB1996PLC077451
নিবন্ধিত কার্যালয়: ৪০৯, সোয়াইকা সেন্টার, ৪এ, পোলক স্ট্রিট, কলকাতা (প.ব.) ৭০০০০১, ফোন: ০৩৩-২২৩৪২৬৭৩
ওয়েবসাইট: www.dynamicarchistructures.com, ইমেল: info@dynamicarchistructures.com

৩০শে সেপ্টেম্বর ২০২৬ তারিখে সমাপ্ত ত্রৈমাসিকের অনিরীক্ষিত আর্থিক ফলাফল (টাকা কোটিতে ইপিএস ব্যতীত)

ক্র. নং	বিবরণ	সমাপ্ত ত্রৈমাসিক / চলতি বর্ষ সমাপ্ত	বর্ষের শুরু থেকে তদ্যাবধি পরিসংখ্যান/পূর্ববর্তী বর্ষ সমাপ্ত	পূর্ববর্তী বর্ষে সমাপ্ত সংশ্লিষ্ট ৩ মাস
		৩০.০৯.২০২৬	৩০.০৯.২০২৬	৩০.০৯.২০২৫
১	কার্যাবলী থেকে মোট আয়	০.০৫	৪.৯৪	০.১২
২	উক্ত সময়কালের জন্য নিট মুনাফা / (ক্ষতি) (করের পূর্বে, ব্যতিক্রমী এবং / অথবা অস্বাভাবিক দফাসমূহ#)	(২.৫৬)	৪.৪৮	(২.৪৬)
৩	কর পূর্ববর্তী উক্ত সময়কালের জন্য নিট মুনাফা / (ক্ষতি) (ব্যতিক্রমী এবং / অথবা অস্বাভাবিক দফাসমূহের পরে#)	(২.৫৬)	৪.৪৮	(২.৪৬)
৪	কর পরবর্তী উক্ত সময়কালের জন্য নিট মুনাফা / (ক্ষতি) (ব্যতিক্রমী এবং/অথবা অস্বাভাবিক দফাসমূহের পরে#)	(২.১৯)	৩.৮০	(২.১১)
৫	উক্ত সময়কালের জন্য মোট সামগ্রিক আয় [কর পরবর্তী উক্ত সময়কালের মুনাফা / (ক্ষতি) এবং অন্যান্য সামগ্রিক আয় (কর পরবর্তী) অন্তর্ভুক্ত]	(২.১৯)	৩.৮০	(২.১১)
৬	ইক্যুইটি শেয়ার মূলধন	৫.০১	৫.০১	৫.০১
৭	শেয়ার প্রতি আয় (প্রতিটি ১০ /- টাকার) (চলমান এবং বন্ধ হয়ে যাওয়া কার্যক্রমের জন্য) -			
	১. মৌলিক :	(৪.৩৭)	৭.৫৯	(৪.২১)
	২. মিশ্রিত :	(৪.৩৭)	৭.৫৯	(৪.২১)

দ্রষ্টব্য: ক উপরোক্ত বিবরণীটি এসইবিআই (লিস্টিং ওবলিগেশনস অ্যান্ড ডিসক্লোজার রিকোয়ারমেন্টস) রেগুলেশনস, ২০১৫-এর রেগুলেশন ৩৩-এর অধীনে স্টক এক্সচেঞ্জসমূহে দাখিলকৃত ত্রৈমাসিক আর্থিক ফলাফলের বিস্তারিত ফরম্যাটের একটি সারসংক্ষেপ। ত্রৈমাসিক আর্থিক ফলাফলের সম্পূর্ণ ফরম্যাট বিএসই-এর ওয়েবসাইটে অর্থাৎ www.bseindia.com এবং কোম্পানির ওয়েবসাইটে অর্থাৎ www.dynamicarchistructures.com-এ উপলব্ধ রয়েছে। নিচে প্রদত্ত কিউআর কোড স্ক্যান করেও এটি দেখা যেতে পারে।
খ # - ইন্ড এএস বিধিমালা অনুসারে লাভ ও ক্ষতির বিবরণীতে সমন্বয়কৃত ব্যতিক্রমী এবং / অথবা অস্বাভাবিক দফাসমূহ।

স্থান: কলকাতা
তারিখ: ১২.১১.২০২৬

ডাইনামিক আর্কেস্ট্রাকচারস লিমিটেড
স্বা/-
দানমল পোরওয়াল
চেয়ারম্যান এবং ম্যানেজিং ডিরেক্টর
ডিআইএন- 00581351

বিজ্ঞাপনের জন্য যোগাযোগ করুন ৯৮৩১৯১৯৭৯১

নীলাচল মিনারেলস লিমিটেড
সিআইএন: L10400WB1907PLC001722
নিবন্ধিত কার্যালয়: ১৭, রয় স্ট্রিট, গ্রাউন্ড ফ্লোর, কলকাতা-৭০০ ০২০
টেলিফোন নং ০৩৩ ৪০৬২ ৯১২৭, ইমেল: neelachalkolkata@gmail.com

৩০শে সেপ্টেম্বর ২০২৬ তারিখে সমাপ্ত ত্রৈমাসিক এবং অর্ধবর্ষের অনিরীক্ষিত আর্থিক ফলাফলের বিবরণী (₹ লক্ষে)

বিবরণ	সমাপ্ত ত্রৈমাসিক			সমাপ্ত ৬ মাস		সমাপ্ত বর্ষ
	৩০-সেপ্টে.-২০২৬ (অনিরীক্ষিত)	৩০-জুন-২০২৬ (অনিরীক্ষিত)	৩০-সেপ্টে.-২০২৫ (অনিরীক্ষিত)	৩০-সেপ্টে.-২০২৬ (অনিরীক্ষিত)	৩০-সেপ্টে.-২০২৫ (অনিরীক্ষিত)	৩১-মার্চ-২০২৬ (নিরীক্ষিত)
১. কার্যাবলী থেকে মোট আয় (নিট)	২৯.০৭	২৩.৭০	১৭.৮১	৫২.৭৭	৩৯.৩৫	১১৩.৯২
২. উক্ত সময়কালের জন্য নিট মুনাফা / (ক্ষতি) (করের পূর্বে, ব্যতিক্রমী দফাসমূহ)	১৭.২৭	১৩.৭৬	৫.৬০	৩১.০৩	১৪.৫৫	৫৫.৭৮
৩. উক্ত সময়কালের জন্য নিট মুনাফা / (ক্ষতি) (করের পূর্বে, ব্যতিক্রমী দফাসমূহের পরে)	১৭.২৭	১৩.৭৬	৫.৬০	৩১.০৩	১৪.৫৫	৫৫.৭৮
৪. কর পরবর্তী উক্ত সময়কালের জন্য নিট মুনাফা / (ক্ষতি) (ব্যতিক্রমী এবং অস্বাভাবিক দফাসমূহের পরে)	১২.৯২	১০.৩০	৪.১২	২৩.২২	১১.৩৮	৪২.৬৯
৫. (কর পরবর্তী উক্ত সময়কালের মুনাফা/(ক্ষতি) এবং কর পরবর্তী অন্যান্য সামগ্রিক আয় অন্তর্ভুক্ত)	–	–	–	–	–	–
৬. উক্ত সময়কালের জন্য মোট সামগ্রিক আয়	১২.৯২	১০.৩০	৪.১২	২৩.২২	১১.৩৮	৪২.৬৯
৭. পরিশোধিত ইক্যুইটি শেয়ার মূলধন (প্রতিটির ফেস ভ্যালু ₹ ১০/-)	৩১.৪৮	৩১.৪৮	৩১.৪৮	৩১.৪৮	৩১.৪৮	৩১.৪৮
৮. অন্যান্য ইক্যুইটি						১৪০.১৬
৯. শেয়ার প্রতি আয় (১) মৌলিক (₹-তে)	*৪.১১	*৩.২৭	*১.৩১	*৭.৩৮	*৪.৬৩	১৩.৫৬
(২) মিশ্রিত (₹-তে)	*৪.১১	*৩.২৭	*১.৩১	*৭.৩৮	*৪.৬৩	১৩.৫৬

*বার্ষিকীকৃত নয়

দ্রষ্টব্য:
১. ৩০.০৯.২০২৬ তারিখে সমাপ্ত ত্রৈমাসিকের উপরোক্ত আর্থিক ফলাফলসমূহ ৩১.০৩.২০২৬ তারিখে সমাপ্ত বছরের বার্ষিক আর্থিক বিবরণীতে অনুসৃত একই হিসাবরক্ষণ নীতিমালার ভিত্তিতে প্রস্তুত করা হয়েছে।
২. উপরোক্ত আর্থিক ফলাফলসমূহ ১২.১১.২০২৬ তারিখে অনুষ্ঠিত পরিচালনা পর্ষদের সভায় অনুমোদিত হয়েছে।
৩. কোম্পানির সংবিধিবদ্ধ নিরীক্ষকগণ ৩০.০৯.২০২৬ তারিখে সমাপ্ত ত্রৈমাসিক ও অর্ধবর্ষের অনিরীক্ষিত আর্থিক ফলাফলের সীমিত পর্যালোচনা সম্পন্ন করেছেন।
৪. সংশ্লিষ্ট পূর্ববর্তী সময়কালের পরিসংখ্যানসমূহ বর্তমান সময়কালের পরিসংখ্যানের সাথে সামঞ্জস্য রেখে যেখানে প্রয়োজন সেখানে পুনর্বিন্যাস করা হয়েছে।

পর্ষদের আদেশানুসারে
নীলাচল মিনারেলস লিমিটেড-এর পক্ষে
স্বা/-
তেজেশ দোশী
ডিরেক্টর

স্থান: কলকাতা
তারিখ: ১২ই নভেম্বর, ২০২৬

অ্যাকনিট ইন্ডাস্ট্রিজ লিমিটেড
সিআইএন : L32902WB1990PLC050020
নিবন্ধিত ও কর্পোরেট কার্যালয় : ""ইকোস্টেশন", ব্লক - বিপি, প্লট নং - ৭, সেক্টর ৫, স্যুট নং - ৫০৪ সল্টলেক, কলকাতা - ৭০০ ০৯১, ফোন : (০৩৩) ২৩৬৭-৫৫৫৫ / +৯১ ৮৪২০০ ৪৭৮০১
ইমেল : calcutta@acknitindia.com, ওয়েবসাইট : www.acknitindia.com

৩০শে সেপ্টেম্বর, ২০২৬ তারিখে সমাপ্ত ত্রৈমাসিকের অনিরীক্ষিত আর্থিক ফলাফলের বিবরণীর সারসংক্ষেপ (₹ লক্ষে (ইপিএস ব্যতীত))

বিবরণ	সমাপ্ত ত্রৈমাসিক ৩০.০৯.২০২৬	সমাপ্ত অর্ধবর্ষ ৩০.০৯.২০২৬	সমাপ্ত ত্রৈমাসিক ৩০.০৯.২০২৫
কার্যাবলী থেকে মোট আয়	৭৫০৫.৪৮	১৩৭১১.০৫	৬৬৮০.০৮
উক্ত সময়কালের জন্য নিট মুনাফা / (ক্ষতি) (করের পূর্বে)	৩৭৯.০৬	৬৭২.৫৩	১৯১.১৯
উক্ত সময়কালের জন্য নিট মুনাফা / (ক্ষতি) (কর পরবর্তী)	২৭১.০৫	৪৮৯.১৫	১৪০.৭০
উক্ত সময়কালের জন্য মোট সামগ্রিক আয় [(কর পরবর্তী উক্ত সময়কালের মুনাফা / (ক্ষতি) এবং অন্যান্য সামগ্রিক আয় (কর পরবর্তী) অন্তর্ভুক্ত)]	২৭১.০৫	৪৮৯.১৫	১৪০.৭০
ইক্যুইটি শেয়ার মূলধন	৩০৪.০০	৩০৪.০০	৩০৪.০০
পূর্ববর্তী বছরের ব্যালেন্স শিটে প্রদর্শিত সংরক্ষণ (পুনর্মূল্যায়ন সংরক্ষণ ব্যতীত)	-	-	-
শেয়ার প্রতি আয় (প্রতিটি ১০/- টাকার)			
মৌলিক :	৮.৯২	১৬.০৯	৪.৬৩
মিশ্রিত :	৮.৯২	১৬.০৯	৪.৬৩

দ্রষ্টব্য :
ক১. উপরোক্ত বিবরণীটি এসইবিআই (লিস্টিং ওবলিগেশনস অ্যান্ড ডিসক্লোজার রিকোয়ারমেন্টস) রেগুলেশনস, ২০১৫-এর রেগুলেশন ৩৩-এর অধীনে স্টক এক্সচেঞ্জসমূহে দাখিলকৃত ৩০শে সেপ্টেম্বর, ২০২৬ তারিখে সমাপ্ত ত্রৈমাসিকের অনিরীক্ষিত ত্রৈমাসিক আর্থিক ফলাফলের বিস্তারিত ফরম্যাটের একটি সারসংক্ষেপ।
২. উপরোক্ত ফলাফলসমূহ নিরীক্ষা কমিটি কর্তৃক পর্যালোচিত হয়েছে এবং ১২.১১.২০২৬ তারিখে অনুষ্ঠিত কোম্পানির পরিচালনা পর্ষদের সভায় অনুমোদিত হয়েছে।
৩. বর্তমান সময়কালের পরিসংখ্যানের সাথে সামঞ্জস্য রাখার জন্য পূর্ববর্তী সময়কালের পরিসংখ্যানসমূহ পুনর্বিন্যাস ও পুনঃসজ্জিত করা হয়েছে।
৪. সংবিধিবদ্ধ নিরীক্ষকগণের সীমিত পর্যালোচনা প্রতিবেদনসহ আর্থিক ফলাফলসমূহ বম্বে স্টক এক্সচেঞ্জের ওয়েবসাইটে (www.bseindia.com) এবং কোম্পানির ওয়েবসাইটে (https://www.acknitindia.com/i/financial-information) উপলব্ধ রয়েছে।

পরিচালনা পর্ষদের পক্ষে এবং তরফে
স্বা/-
শ্রী কিষাণ সরাফ
ম্যানেজিং ডিরেক্টর
ডিআইএন : 00128999

স্থান : কলকাতা
তারিখ : ১২.১১.২০২৬

মানাকসিয়া অ্যালুমিনিয়াম কোম্পানি লিমিটেড
কর্পোরেট আইডেন্টিটি নম্বর: L27100WB2010PLC144405
নিবন্ধিত কার্যালয়: ৮/১ লালবাজার স্ট্রিট, বিকানের বিল্ডিং, ৩য় ফ্লোর, কলকাতা - ৭০০০০১
ই-মেল: info@malcoindia.co.in, ওয়েবসাইট: www.manaksiaaluminium.com
ফোন: +৯১-৩৩-২২৪৩ ৫০৫৩/৫০৫৪

৩০শে সেপ্টেম্বর, ২০২৬ তারিখে সমাপ্ত ত্রৈমাসিক এবং অর্ধবার্ষিকের স্ট্যান্ডঅ্যালোন অনিরীক্ষিত আর্থিক ফলাফলের সারসংক্ষেপ

(লক্ষ টাকায়) ইপিএস ব্যতীত

বিবরণ	সমাপ্ত ত্রৈমাসিক			সমাপ্ত অর্ধবার্ষিক		সমাপ্ত বর্ষ
	অনিরীক্ষিত	অনিরীক্ষিত	অনিরীক্ষিত	অনিরীক্ষিত	অনিরীক্ষিত	নিরীক্ষিত
	৩০শে সেপ্টে. ২০২৬	৩০শে জুন ২০২৬	৩০শে সেপ্টে. ২০২৫	৩০শে সেপ্টে. ২০২৬	৩০শে সেপ্টে. ২০২৫	৩১শে মার্চ ২০২৬
কার্যক্রম থেকে মোট আয়	১২৪৭৬.৬৪	১৩,৯৫৮.৯৭	১৩,১২০.৯৩	২৬,৪৩৫.৬১	২৬,৫৬২.৩৭	৫৬,৩৯০.৬৭
করের পূর্বে নিট মুনাফা/(ক্ষতি)	২৭৪.৯৫	৩৯৪.৪৬	১৪০.৮২	৬৬৯.৪১	৩৪৫.৪৬	১,০৪১.৫৪
করের পরে নিট মুনাফা/(ক্ষতি)	১৩৫.৩১	২৮৫.০৬	১১১.১৪	৪২০.৩৭	২৬৬.৯০	৭৫৫.৬১
মোট সমন্বিত আয় [কর পরবর্তী মুনাফা/(ক্ষতি) এবং কর পরবর্তী অন্যান্য সমন্বিত আয় সহ]	১৪৫.৮৬	২৭৭.১৯	১১১.১৪	৪২৩.০৫	২৬৬.৯০	৭৪৭.৬৭
ইক্যুইটি শেয়ার মূলধন	৬৫৫.৩৪	৬৫৫.৩৪	৬৫৫.৩৪	৬৫৫.৩৪	৬৫৫.৩৪	৬৫৫.৩৪
পূর্ববর্তী বছরের ব্যালেন্স শিটে প্রদর্শিত সংরক্ষণ (পুনর্মূল্যায়ন সংরক্ষণ ব্যতীত)	-	-	-	-	-	১৩,৫৭৯.৫৮
শেয়ার প্রতি আয় (প্রতিটি ১/- টাকা ফেস ভ্যালুর) (বার্ষিকীকৃত নয়):						
(ক) মৌলিক	০.২১	০.৪৩	০.১৭	০.৬৪	০.৪১	১.১৫
(খ) মিশ্রিত	০.২১	০.৪৩	০.১৭	০.৬৪	০.৪১	১.১৫

কনসোলিডেটেড আর্থিক ফলাফলের মূল পরিসংখ্যানসমূহ:

বিবরণ	সমাপ্ত ত্রৈমাসিক			সমাপ্ত অর্ধবার্ষিক		সমাপ্ত বর্ষ
	৩০শে সেপ্টে. ২০২৬	৩০শে জুন ২০২৬	৩০শে সেপ্টে. ২০২৫	৩০শে সেপ্টে. ২০২৬	৩০শে সেপ্টে. ২০২৫	৩১শে মার্চ ২০২৬
কার্যক্রম থেকে মোট আয়	১২,৪৭৬.৬৪	১৩,৯৫৮.৯৭	১৩,১২০.৯৩	২৬,৪৩৫.৬১	২৬,৫৬২.৩৭	৫৬,৩৯০.৬৭
করের পূর্বে নিট মুনাফা/(ক্ষতি)	২৭৪.৯৫	৩৯৪.৪৬	১৪০.৮২	৬৬৯.৪১	৩৪৫.৪৬	১,০৪১.৫৪
করের পরে নিট মুনাফা/(ক্ষতি)	১৩৫.৩১	২৮৫.০৬	১১১.১৪	৪২০.৩৭	২৬৬.৯০	৭৫৫.৬১
পূর্ববর্তী বছরের ব্যালেন্স শিটে প্রদর্শিত সংরক্ষণ (পুনর্মূল্যায়ন সংরক্ষণ ব্যতীত)	-	-	-	-	-	১৩,৫৭৯.৫৮

(ক) ৩০শে সেপ্টেম্বর, ২০২৬ তারিখে সমাপ্ত ত্রৈমাসিক এবং অর্ধবার্ষিকের জন্য কোম্পানির অনিরীক্ষিত আর্থিক ফলাফল অডিট কমিটি কর্তৃক পর্যালোচিত ও সুপারিশকৃত হয়েছে এবং ১২ই নভেম্বর, ২০২৬ তারিখে অনুষ্ঠিত কোম্পানির পরিচালনা পর্ষদের নিজ নিজ সভায় অনুমোদিত হয়েছে। কোম্পানির বিধিবদ্ধ নিরীক্ষক এই ফলাফলগুলির সীমিত পর্যালোচনা (লিমিটেড রিভিউ) সম্পন্ন করেছেন এবং এসইবিআই (লিস্টিং ওবলিগেশনস অ্যান্ড ডিসক্লোজার রিকোয়ারমেন্টস) রেগুলেশনস, ২০১৫-এর রেগুলেশন ৩৩ অনুসারে ফলাফলগুলি প্রকাশিত হচ্ছে।
(খ) কনসোলিডেটেড আর্থিক ফলাফলের মধ্যে মানাকসিয়া অ্যালুমিনিয়াম কোম্পানি লিমিটেড এবং এর সম্পূর্ণ মালিকানাধীন সহায়ক সংস্থা মানাকসিয়া অ্যালুমিনিয়াম ইনকর্পোরেটেড অন্তর্ভুক্ত রয়েছে।
(গ) উপরোক্ত বিবরণীটি এসইবিআই (লিস্টিং ওবলিগেশনস অ্যান্ড ডিসক্লোজার রিকোয়ারমেন্টস) রেগুলেশনস, ২০১৫-এর রেগুলেশন ৩৩-এর অধীনে স্টক এক্সচেঞ্জসমূহে দাখিলকৃত ত্রৈমাসিক আর্থিক ফলাফলের বিস্তারিত বিন্যাসের একটি সারসংক্ষেপ। ত্রৈমাসিক আর্থিক ফলাফলের সম্পূর্ণ বিন্যাস স্টক এক্সচেঞ্জসমূহের ওয়েবসাইট (www.nseindia.com এবং www.bseindia.com) এবং কোম্পানির ওয়েবসাইট (www.manaksiaaluminium.com)-এ উপলব্ধ রয়েছে এবং আপনি কিউআর (QR) কোড স্ক্যান করেও ফলাফল দেখতে পারেন।

স্থান : কলকাতা
তারিখ : ১২.১১.২০২৬

পরিচালনা পর্ষদের পক্ষে ও তরফে
মানাকসিয়া অ্যালুমিনিয়াম কোম্পানি লিমিটেড
সুনীল কুমার আগরওয়াল
(ম্যানেজিং ডিরেক্টর)
ডিআইএন: 00091784

DOLLAR
WEAR THE CHANGE
ডলার ইন্ডাস্ট্রিজ লিমিটেড
(সিআইএন : L17299WB1